ভোরের কাগজ

তারিখ ... FEB 25 2000 ...
পৃষ্ঠা 2 কলাম 3

228

কম টাকায় ফরম পূরণের দাবি

# নান্দাইলে এইচএসসি পরীক্ষার্থীদের কলেজ ও টিএনও অফিস ভাঙচুর

নান্দাইল প্রতিনিধি : এইচএসসি পরীক্ষার্থীরা কম টাকায় ফরম পূরণের দাবিতে নান্দাইল কলেজ ও টিএনও অফিস ভাঙচুর করেছে। তারা কলেজের শিক্ষকদের অবরোধ করে এবং কিশোরগঞ্জ-ময়মনসিংহ সড়কে ব্যারিকেড দেয়। ঘটনাটি ঘটেছে গত ২০ ফেব্রুয়ারি সকালে।

নান্দাইল শহীদ স্মৃতি আদর্শ কলেজের এইচএসসি পরীক্ষার্থীরা অন্যান্য বছরের ন্যায় এবারো কম টাকায় ফরম পূরণের দাবি জানায়। কিন্তু কলেজ কর্তৃপক্ষ তা অগ্রাহ্য করে জেলা প্রশাসকের নির্দেশে টিএনও অফিসে নির্ধারিত টাকায় ফরম পূরণের ব্যবস্থা নেয়। এ জন্য ছাত্রঐক্য পরিষদের নেতৃত্বে ক্ষুব্ধ ছাত্ররা কলেজ ও টিএনও অফিস ঘেরাও ও ব্যাপক ভাঙচুর করে। এর ফলে অফিসের সকল কার্যক্রম বন্ধ হয়ে যায়।